



জেলা পরিষদ
ফেনী
www.zpfeni.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

পুকুর ইজারার দরপত্র বিজ্ঞপ্তি ০২/২০২২-২০২৩


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, ফেনী'র মালিকানাধীন নিম্নবর্ণিত পুকুরটি শুধুমাত্র মৎস্য চাষের নিমিত্তে আগামী ০৩(তিন) বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়ে অফিস চলাকালীন সময় পর্যন্ত প্রতিসেট ৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য মূল্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে ক্রয় করা যাবে। প্রতিটি দরপত্রের সাথে উদ্ধৃত দরের ৫০% অর্থ জামানত হিসেবে ফেনী জেলার যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনীর বরাবরে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ইজারা অনুমোদন সংক্রান্ত পত্র প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে ১৫% ভ্যাট ও ৫% আয়করসহ ইজারার অবশিষ্ট অর্থ জমা দিয়ে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিনামা সম্পাদন পূর্বক দখল বুঝে নিতে হবে। অন্যান্য তথ্যাদি দরপত্র দাখিলের পূর্বদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত অত্র কার্যালয় হতে ও জেলা পরিষদ, ফেনী'র ওয়েব সাইট (www.zpfeni.gov.bd) হতে জানা যাবে। কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন / সকল দরপত্র বাতিল কিংবা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ক্রমিক নং	পুকুরের নাম	দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
০১	সোনাগাজী উপজেলার বজারমুন্সি ডাকবাংলো পুকুর	পত্রিকায় প্রকাশের তারিখ হতে ১৬.০৫.২০২৩ খ্রি: পর্যন্ত	১৭.০৫.২০২৩ খ্রি তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত	১৭.০৫.২০২৩ খ্রি তারিখ বিকেল ৩.০০ ঘটিকা পর্যন্ত
		২৩.০৫.২০২৩খ্রি: তারিখ হতে ৩০.০৫.২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত	৩১.০৫.২০২৩ খ্রি তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত	৩১.০৫.২০২৩ খ্রি তারিখ বিকেল ৩.০০ ঘটিকা পর্যন্ত
		০৫.০৬.২০২৩খ্রি: তারিখ হতে ১৪.০৬.২০২৩খ্রি: পর্যন্ত	১৫.০৬.২০২৩ খ্রি তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত	১৫.০৬.২০২৩ খ্রি তারিখ বিকেল ৩.০০ ঘটিকা পর্যন্ত

ইজারায়োগ্য পুকুরের তথ্যাবলি

ক্র: নং	ইজারাকৃত পুকুরের নাম	প্রত্যাশিত দর	দরপত্র মূল্য
০১	সোনাগাজী বজারমুন্সি ডাকবাংলো পুকুর	১,০০,০০০/-	১,০০০/-

অসম্পূর্ণ দরপত্র ও সকল শর্ত পালন ব্যতীত যে কোন দরপত্র অথবা সকল দরপত্র যে কোন কারণ দর্শানো ব্যতীরেকে বাতিল কিংবা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(গোলাম মো: বাতেন)

প্রধান নির্বাহী কর্মকর্তা (অ: দা:)
জেলা পরিষদ, ফেনী।

ফোন নং-০২৩৩৪৪৭২৪০১

E-mail.ceozpfeni@gmail.com